# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩৪৭

১/ বিবিধ

আরবী

أعربوا الكلام، كي تعربوا القرآن
منكر

أخرجه أبو عبيد في " غريب الحديث " (99/1) : حدثنا نعيم بن حماد عن بقية بن الوليد عن الوليد بن محمد بن زيد قال: سمعت أبا جعفر يقول: قال رسول الله صلى الله عليه وسلم
وعن نعيم أخرجه أبو بكر الأنباري في " الوقف والابتداء " (ق 6/1)
قلت: وهذا إسناد مرسل أومعضل مظلم، لم أعرف منه إلا نعيم بن حماد وبقية بن الوليد وهما ضعيفان، وهذا مدلس وقد عنعنه، والوليد بن محمد الظاهر أنه من شيوخ بقية المجهولين. وقال المناوي في " الفيض " عن أبي جعفر هذا
هو أبو جعفر الأنصاري الذي قال: رأيت أبا بكر ورأسه ولحيته كأنهما جمر الغضا
قلت: ولا أدري مستنده فيما ذكره، ولوثبت ذلك لكان الحديث مرسلا وهو ينافي قوله أصله - أعني السيوطي - في " الجامع الصغير
رواه ابن الأنباري في " الوقف " والمرهبي في " فضل العلم " عن أبي جعفر معضلا
فلوكان أبو جعفر هو ذاك الأنصاري عند السيوطي لم يجعله معضلا. فالله أعلم

বাংলা

১৩৪৭। তোমরা ব্যাকরণ অনুযায়ী শুদ্ধভাবে কথা বল যাতে তোমরা কুরআনকে স্পষ্ট ভাষায় শুদ্ধভাবে পাঠ করতে পারো।

হাদিসটি মুনকার।

হাদীসটি আবু ওবায়েদ “গারীবুল হাদীস” গ্রন্থে (১/৯৯) নু'য়াইম ইবনু হাম্মাদ হতে, তিনি বাকিয়্যাহ ইবনুল আলীদ হতে, তিনি আলীদ ইবনু মুহাম্মাদ ইবনে যায়েদ হতে, তিনি বলেনঃ আবু জাফরকে বলতে শুনেছিঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ ...।

নুয়াইম হতে আবু বাকর আম্বারী "আল ওয়াকফ অল ইবতিদা" গ্রন্থে (কাফ ১/৬) বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি মুরসাল অথবা অন্ধকারচ্ছন্ন মুযাল। বর্ণনাকারীদের মধ্য থেকে শুধুমাত্র নুয়াইম ইবনু হাম্মাদ এবং বাকিয়াহ ইবনুল অলীদকে আমি চিনি। তারা দু'জনও দুর্বল। বাকিয়্যাহ মুদাল্লিস আন আন করে বর্ণনা করেছেন। আর অলীদ ইবনু মুহাম্মাদ হচ্ছেন বাকিয়্যার মাজহুল (অপরিচিত) শাইখদের অন্তর্ভুক্ত।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72226

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন